

আমি মানুষ দেখি না  
আদনান সৈয়দ

কোথায় আছ হে আলোকিত নারী?  
কোথায় কোন গ্রহে আছ  
গোলাপের পাঁপড়ি ভেজা চোখে!  
আমিতো কোথাও ভালোবাসা দেখি না  
পাখির নীড়ের মত দুটো চোখ দেখি না  
আলো দেখি না, তারকাওজ্জল আকাশ দেখি না  
নরম তুলতুলে মাটি দেখি না  
প্রেম দেখি না, স্বপ্ন দেখি না  
নতুন সূর্যটাকেও আর দেখি না  
দেখি শুধু ক্রোধ আর হিংসার আগুনে  
পুড়ছে শহর গ্রাম আর তোমার কোমল শরীর  
বন্দরে বন্দরে চলছে ত্রিশূল আর টুপির লড়াই  
দেখি মিরজাফর আর হায়ানারা নৃত্য করে চারপাশ  
আমি তোমার ভালোবাসায় মাখা দুটো হাত দেখি না  
তোমার ভালোবাসা দেখি না  
শুধু দেখি বক্তৃতা, বক্তৃতা আর বক্তৃতা  
কোন মানুষ দেখি না ।